# পাবলিক বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা বাড়ানোর আহ্বান ইউজিসির

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা , বুধবার, ১৬ অক্টোবর ২০১৯

শিক্ষক-শিক্ষার্থী এবং শিক্ষা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে শ্রেণীকক্ষ হতে শুরু করে প্রতিটি হল ও ক্যাম্পাসে সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা গ্রহণে ইউজিসি পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহকে আহ্বান জানিয়েছে।

গতকাল ইউজিসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ আহ্বান জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে, সাম্প্রতিক সময়ে দেশের কোন কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা নানাভাবে হয়রানির শিকার হচ্ছেন- এমনকি শিক্ষার্থীদের প্রাণহানির মতো অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটছে। এহেন কর্মকা- শিক্ষার্থীদের জীবনকে একদিকে যেমন অনিশ্চয়তার পথে ঠেলে দিচ্ছে, অন্যদিকে ক্যাম্পাস অশান্ত করে শিক্ষার সামগ্রিক পরিবেশের পাশাপাশি দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা চালাচ্ছে। এ অপ্রত্যাশিত অবস্থার দ্রুত অবসানকল্পে বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনকে অধিকতর

সচেতনতার সঙ্গে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউজিসি আহ্বান জানাচ্ছে।' এছাড়া কমিশন বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সংশ্লিষ্ট প্রভোস্ট, সহকারী প্রভোস্ট/হাউস টিউটররা সার্বক্ষণিকভাবে শিক্ষার্থীদের নিরাপত্তা বিধানে সজাগ থাকার বিষয়ে অনুরোধ জানিয়েছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল বডি/ডিএসডব্লিউ-কে নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতেও বলা হয়েছে। প্রযোজ্য ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসন এ বিষয়ে সহায়তা প্রদান করবে বলে ইউজিসি জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে প্রতিটি হলে নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি র‌্যাগিং ও মাদকবিরোধী প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে বলা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রশাসন প্রয়োজনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও স্থানীয় প্রশাসনের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে পারে। পূর্বে প্রেরিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্যও বিশ্ববিদ্যালয়সমূহকে অনুরোধ করা হয়।

ইতোপূর্বে শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তা বিধান এবং ক্যাম্পাস ও ছাত্রাবাসে শিক্ষাবান্ধব পরিবেশ সুনিশ্চিত করার লক্ষ্যে দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে র‌্যাগিং ও মাদকবিরোধী কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের পাশাপাশি সিনিয়র শিক্ষার্থী কর্তৃক জুনিয়র শিক্ষার্থীদের ওপর পরিচালিত সর্বপ্রকার হয়রানিমূলক কর্মকা- বন্ধের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়সমূহের প্রশাসনকে অনুরোধ

জানিয়ে কতিপয় নির্দেশনা দিয়ে কমিশন থেকে পত্র প্রেরণ করা হয় বলে ইউজিসি জানিয়েছে।